# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৬৩ তারিখঃ ০৩ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
১৮ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৮৭ তম কমিশন সভা অদ্য ১৮/০৮/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, ভিশন ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি: এর গ্রাহক জনাব তারিকুল হাকিম খান-এর ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা পাওনা সংক্রান্ত অভিযোগ বিধি মোতাবেক ডিএসই আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে নিষ্পত্তিপূর্বক কমিশনকে অবহিত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. কমিশন অদ্যকার সভায়, কমিশন কর্তৃক আরোপিত জরিমানা পরিশোধ এবং গ্রাহকের পাওনা নিষ্পত্তি না করায় Firstlead Securities Ltd এর বিরুদ্ধে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লি: বিধি মোতাবেক গৃহীতব্য পরবর্তী পদক্ষেপসমূহ কমিশনকে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে অবহিত করার জন্য চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লি:-কে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত Firstlead Securities Ltd এর স্টক ব্রোকার/স্টক ডিলার হিসেবে নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

18-08-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd